

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
সাধারণ শাখা
www.jamalpur.gov.bd



জরুরি

নম্বর ০৫.৪৫.৩৯০০.০১১.২২.০০১.২০.২৮৬

তারিখ ২৪ চৈত্র ১৪২৬

০৭ এপ্রিল ২০২০

গণবিজ্ঞপ্তি

বিষয়: জামালপুর জেলায় নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাব মোকাবেলায় গণবিজ্ঞপ্তি।

এতদ্বারা জামালপুর জেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিরাজমান নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাব মোকাবেলায় জনসমাগম পরিহার করার লক্ষ্যে নিম্নবর্ণিত বিধি-নিষেধসমূহ সকলকে মেনে চলার জন্য অনুরোধ করা হল।

১. অতি অত্যাৱশ্যকীয় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির দোকান সকাল ০৭.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত খোলা থাকবে। অন্যান্য সকল দোকানপাট, সাপ্তাহিক হাট, প্রতিষ্ঠান এবং গণপরিবহন পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে। তবে ঔষধের দোকান ও চিকিৎসা প্রতিষ্ঠান যথারীতি খোলা থাকবে।
 ২. প্রশাসনের অনুমতি ব্যতিরেকে কোন প্রকার যানবাহন এ জেলা হতে বাহিরে যাবেনা এবং বাহির হতে এ জেলায় প্রবেশ করবে না।
 ৩. আইন অমান্যকারীর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সকল স্বাস্থ্যবিধি মেনে চলুন, করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে এগিয়ে আসুন।
- জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৭-৪-২০ ২০

মোহাম্মদ এনামুল হক
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট,
জামালপুর।

অনুলিপি:

- ১) পুলিশ সুপার, জামালপুর।
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), জামালপুর।
- ৩) সভাপতি, জামালপুর প্রেস ক্লাব/জামালপুর জেলা প্রেসক্লাব।